দৈনিক
ইত্তেফাক

তারিখ · 29 · JUL · 2017
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৫

# ঢাবির সিনেট অধিবেশন বর্জনের ঘোষণা সাদা দলের

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

আজ শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয় উপাচার্য প্যানেল নির্বাচনের জন্য বিশেষ সিনেট অধিবেশন বসছে। বিশ্ববিদ্যালয়ের বিএনপি-জামায়াত সমর্থিত শিক্ষকদের প্যানেল সাদা দল এই অধিবেশন বর্জন করছে। গতকাল শুক্রবার দুপুরে বিশ্ববিদ্যালয় ক্লাবে সংবাদ সম্মেলনে সাদা দলের আহ্বায়ক অধ্যাপক আখতার হোসেন খান বর্জনের এ ঘোষণা দেন। তিনি বলেন, 'ঢাবির সিনেটের বার্ষিক অধিবেশনে আমরা অংশ নেব না। ভিসি প্যানেল মনোনয়নের আগে রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচনসহ শূন্য পদ পূরণ করতে হবে।'

ঢাকা বিশ্ববিদ্যালয়ে বর্তমানে ১০৫ সদস্যবিশিষ্ট সিনেটে ৫৫ জন আছেন। বাকি ৫০টি পদ শূন্য। এর মধ্যে নির্বাচিত ৬৫টি পদের ৩০টিই শূন্য। ছাত্র প্রতিনিধি ও রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি নিয়েও সমালোচনা রয়েছে।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে আখতার হোসেন খান বলেন, প্রায় চার বছরেরও বেশি সময় ধরে অনির্বাচিত উপাচার্যের দ্বারা ঢাকা বিশ্ববিদ্যালয় পরিচালিত হওয়ার পর যখন ২০১৩ সালে উপাচার্যের প্যানেল নির্বাচন করা হয় তখন রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধিসহ অনেক সদস্য পদ শূন্য ছিল। আর এর প্রতিবাদে আমরা উপাচার্য প্যানেল নির্বাচনের জন্য সিনেট অধিবেশন বর্জন করেছিলাম। এরপর একই ঘটনার পুনরাবৃত্তি ঘটায় শনিবারের (আজকের) সিনেট অধিবেশন বর্জনের সিদ্ধান্ত নিয়েছে সাদা দল।

তিনি আরও বলেন, সিনেটের নির্বাচিত প্যানেল হতে উপাচার্য নিয়োগ লাভ করুক এটি আমাদের সকলের প্রত্যাশা। কিন্তু সিনেটের প্রায় অর্ধেক সদস্য পদ খালি রেখে বিশেষ করে রেজিস্টার্ড গ্রাজুয়েটের মতো ২৫টি পদ খালি রেখে একটি অসম্পূর্ণ প্যানেলের মাধ্যম উপাচার্য প্যানেল নির্বাচন কাঙ্ক্ষিত নয়।

আগামী ২৪ আগস্ট ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আ আ ম স আরেফিন সিদ্দিকের মেয়াদ শেষ হবে। আজকের সিনেট অধিবেশনে উপাচার্য পদের জন্য তিনজনের প্যানেল নির্বাচনের কথা। সেখান থেকে একজনকে রাষ্ট্রপতি উপাচার্য হিসেবে নির্বাচন করবেন।